

REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 08-04-2024  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN

---

East Tripura Constituency:

পূর্ব ত্রিপুরা উপজাতি সংরক্ষিত লোকসভা আসনের নির্বাচনে মনোনয়নপত্র প্রত্যাহারের আজ শেষ দিন । এই আসনের নির্বাচনে, মোট ৯ জন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়েছে বলে, রাজ্য নির্বাচন দপ্তর সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, পূর্ব ত্রিপুরা সহ দেশের ১২টি রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলে নির্বাচনের দ্বিতীয় পর্যায়ে মোট ৮৮টি আসনের জন্য ভোটগ্রহণ করা হবে ২৬শে এপ্রিল।

\*\*\*\*\*

Dhalai SP:

পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচনের ভোটগ্রহণ পর্ব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ধলাই জেলার পুলিশ সুপার আকাশবাণীর সাথে এক সাক্ষাৎকারে জানিয়েছেন, জেলার সীমান্ত এলাকাগুলিতে নজরদারি বাড়ানো হয়েছে। ভোটারদের স্বতঃস্ফূর্তভাবে ভোটদান সুনিশ্চিত করতে সবধরনের ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে তিনি জানান।

\*\*\*\*\*

Vice-President:

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় তরুণ পেশাদারদের আগামী ২০৪৭ সালের মধ্যে ভারতকে একটি উন্নত দেশ হিসেবে গড়ে তোলার প্রচেষ্টার অংশীদার হবার আহ্বান জানিয়েছেন।

শ্রী ধনখড় গতকাল IIM বোধগয়ার ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন। এর আগে তিনি সেখানে MBA-র শিক্ষার্থীদের ডিগ্রী প্রদান করেন।

\*\*\*\*\*

World Health Day Rajbhawan:

বিশ্ব স্বাস্থ্য দিবস উপলক্ষে গতকাল সন্ধ্যায় রাজ ভবনের দরবারহলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এবছরের বিশ্ব স্বাস্থ্য দিবসের মূল ভাবনা "আমার স্বাস্থ্য আমার অধিকার"। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু অনুষ্ঠানের উদ্বোধন করে বলেন, মানুষের স্বাস্থ্য সুরক্ষার জন্যই বিশ্ব স্বাস্থ্য দিবস উদযাপন। রাজ্যপাল মেডিক্যাল ট্যুরিজমের উপর গুরুত্ব দিয়ে বলেন, প্রতিবেশী বাংলাদেশের বহু নাগরিক চিকিৎসার জন্য চেন্নাই, হায়দরাবাদ, বা ব্যাঙ্গালুরু যান। ত্রিপুরায় চিকিৎসার সেই সুযোগ সম্প্রসারিত করা গেলে, তাদেরও সুবিধা হবে। স্বাস্থ্য সচিব কীরন গিত্যে বলেন, রাজ্য সরকার স্বাস্থ্য ক্ষেত্রে সবচেয়ে বেশি প্রাধান্য দিচ্ছে। ত্রিপুরায়, মা ও শিশুর স্বাস্থ্য, রক্তাল্পতা, ম্যালেরিয়া, এইডস এবং ক্যান্সার নিয়ন্ত্রণ চ্যালেঞ্জ বলে তিনি উল্লেখ করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন,, অতিরিক্ত স্বাস্থ্য সচিব ব্রহ্মগীত কৌর, স্বাস্থ্য অধিকর্তা ডা: সঞ্জিব দেববর্মা প্রমুখ।

\*\*\*\*\*

BJP rally C.M. at Gabardi:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রদর্শিত এক্ট ইষ্ট নীতির মাধ্যমে সমগ্র উত্তর পূর্বাঞ্চলে উন্নয়ন সাধিত হচ্ছে। গতকাল গাবর্দিতে বিজেপি আয়োজিত এক নির্বাচনী সমাবেশ মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি বলেন, জনজাতিদের উন্নয়নে আইপিএফটি-র পাশাপাশি, তিপরা মথা দলও রাজ্য সরকারে সামিল হয়েছে। মুখ্যমন্ত্রী, বিরোধী কংগ্রেস ও সিপিআই(এম) দলের ভূমিকার সমালোচনা করেন।

\*\*\*\*\*

Jitendra Chowdhury:

সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী গতকাল কয়েকজন বিএলও-র ভূমিকা নিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে অভিযোগ করেছেন। তিনি জানান, বনমালিপুর এবং প্রতাপগড় বিধানসভার দুইজন বিএলও বিজেপির হয়ে প্রচারে অংশ নিয়েছেন। শ্রী চৌধুরী এই বিএলও-দের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে আবেদন করেন।

\*\*\*\*\*

Election Commision:

নির্বাচন কমিশন আসন্ন নির্বাচনে তরুণ ও শহুরে ভোটারদের আরও বেশি করে সংযুক্ত করার জন্য সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে বেশ কয়েকটি উদ্ভাবনী ও অনন্য প্রচার শুরু করেছে। 'টার্নিং-18' এবং 'ইউ আর দ্য ওয়ান' নামক প্রচারের প্রাথমিক উদ্দেশ্য হল তরুণদের আসন্ন নির্বাচনে অংশগ্রহণের জন্য আরও বেশি করে উদ্বুদ্ধ করা এবং তাদের অমূল্য অবদানকে স্বীকৃতি দেওয়া ও উদযাপন করা।

\*\*\*\*\*

Training program:

বাড়ি বাড়ি গিয়ে ৮৫ বছর উর্ধ বয়স্ক ভোটার ও দিব্যাঙ্গ ভোটারদের ভোট গ্রহণের জন্যে বিশালগড় মহকুমার ভোট কর্মীদের প্রশিক্ষণ গতকাল শেষ হয়েছে। সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক জানিয়েছেন পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের জন্য আগামী ১০ থেকে ১২ তারিখ প্রতিদিন সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত চলবে বাড়ি বাড়ি এই ভোট গ্রহণের কাজ।

\*\*\*\*\*

All party meeting:

আসন্ন লোকসভা নির্বাচন সুষ্ঠু, সুন্দর এবং নিরপেক্ষ ভাবে সম্পন্ন করার লক্ষে গতকাল কমলপুর থানার কনফারেন্স হলে মহকুমাস্তরে সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়।

জেলার আরক্ষা দপ্তরের উদ্যোগে আয়োজিত এই বৈঠকে উপস্থিত ছিলেন ধলাই জেলার অতিরিক্ত পুলিশ সুপার মানবেন্দ্র চৌধুরী, কমলপুর মহকুমার অন্যান্য পুলিশ আধিকারিকরা। তাছাড়া সর্বদলীয় বৈঠকে বিজেপি, সিপিআইএম, কংগ্রেস, তিপ্রা মথা, সিপিআই, আমরা বাঙ্গালী, ফরোয়ার্ড ব্লকের মহকুমার নেতৃস্থরা উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

#### Women Cricket:

টিসিএ পরিচালিত মহিলাদের ঘরোয়া একদিনের সীমিত ওভারের ক্রিকেট প্রতিযোগিতা গতকালের দুটি খেলায় তরুণ সংঘ কোচিং সেন্টার ও জুটমিল কোচিং সেন্টার জয়লাভ করেছে। তালতলা মাঠে অনুষ্ঠিত খেলায় জুটমিল কোচিং সেন্টার ৩১৬ রানের বিশাল ব্যবধানে চাম্পামুড়া কোচিং সেন্টারকে পরাজিত করে। এদিকে মেলাঘরে অনুষ্ঠিত অপর খেলায় তরুণ সংঘ কোচিং সেন্টার ১০ উইকেটে মৌচাক কোচিং সেন্টারকে হারিয়ে দেয়।

\*\*\*\*\*

#### Weather:

আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় বজ্র সহ দুই এক পশলা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রির কাছাকাছি। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.২ ডিগ্রি সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাত ০.৪ মিলিমিটার।

\*\*\*\*\*